অনন্ত
২০০২

তারিখ 27 OCT 2002
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইনকিলাব

# শিক্ষা বিষয়ক কিছু তথ্য

প্রাইমারী স্কুল ঃ চীনে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা বিশ্বের সর্বাধিক। ১৯৯৪ সালের পরিসংখ্যান অনুযায়ী ৮ লাখ ৫৭ হাজার ২৪৫টি প্রাইমারী স্কুল ছিল চীনে। প্রাইমারী লেভেলে ছাত্রসংখ্যা বিশ্বের মধ্যে সবচেয়ে কম সান ম্যারিনোতে। ওখানে মাত্র ৫.২০ জন ছাত্রের জন্য রয়েছে একজন শিক্ষক। আমাদের দেশে প্রাইমারী স্কুলের সংখ্যা ৭৮ হাজার ৫৯৫টি।

সেকেন্ডারী স্কুল এন্ড কলেজ ঃ ভারতে মাধ্যমিক স্কুলের সংখ্যা ২ লাখ ৩১ হাজার ৬৭০টি। এটিই কোন একক দেশের মধ্যে পৃথিবীর সর্বাধিকসংখ্যক সেকেন্ডারী স্কুল। সান ম্যারিনোতে ছাত্র ও শিক্ষকের অনুপাত সর্বোচ্চ। ৫.৮০ জন ছাত্রের জন্য রয়েছে একজন শিক্ষক। বাংলাদেশে মাধ্যমিক স্কুলের সংখ্যা ১২ হাজার ৫৫৩টি। মাদ্রাসা ১৫ হাজার ৬০০টি এবং ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের সংখ্যা ১৯টি। কলেজের সংখ্যা ২ হাজার ৮৪৫টি এবং টেকনিক্যাল কলেজ ৬৩৫টি।

উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ঃ সবচেয়ে বেশীসংখ্যক উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে মেক্সিকোতে। প্রায় ১৩ হাজারটি। যুক্তরাষ্ট্রে উচ্চ শিক্ষায় অধ্যয়নরত ছাত্রছাত্রীর সংখ্যা সর্বাধিক। প্রায় ১ কোটি ৪২ লাখ ১০ হাজার ছাত্রছাত্রী যুক্তরাষ্ট্রে অধ্যয়নরত। দেশের মোট জনসংখ্যার সাথে ছাত্রের আনুপাতিক হার সবচেয়ে বেশী কানাডায়। প্রতি ১ লাখে কানাডায় ছাত্রসংখ্যা ৬ হাজার ৯৮০ জন। আমাদের দেশে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ২৯টি।

যেখানে বিশ্ববিদ্যালয় ছাত্রছাত্রী কম ঃ প্রতি ১ লাখে মাত্র ১০ জন বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী রয়েছে ডিজিবাওতি (উনধঠমর্লধ)-তে, যা পৃথিবীর মধ্যে সবচেয়ে কম।

শিক্ষার হার যেখানে সবচেয়ে কম ঃ নাইজার-এ বয়স্ক শিক্ষার হার মাত্র ১৩.৬০ শতাংশ। ইরিত্রিয়ায় শতকরা ২০ জন পুরুষ শিক্ষিত। কিন্তু নাইজার-এ মাত্র ৬.৬ শতাংশ বয়স্ক মহিলারা লেখাপড়া জানে। আমাদের দেশে শিক্ষার হার প্রায় ৬৫ শতাংশ।

সূত্র ঃ গিনেস বুক অব রেকর্ডস।

গ্রন্থনা ঃ সরকার হুমায়ুন